

# প্রথম আলো

ফ্যাশন

## ৬ মাসে তৈরি হয়েছে বাঁধনের জামদানি

৭৪তম কান চলচ্চিত্র উৎসবে লালগালিচার 'আইকনিক' সেই লুকের পর থেকেই অভিনেত্রী আজমেরী হক বাঁধন যেন জামদানির 'অলিখিত' ব্র্যান্ড অ্যাম্বাসেডর। তাই বাঁধন যে এ বছর মেরিল-প্রথম আলোর লালগালিচায় জামদানি শাড়িতে দেখা দেবেন, অনেকে আগেই তা ভেবেছিলেন। ২০২২ সালের মতো এ বছরও তিনি দেখা দিলেন দেশি ফ্যাশন হাউস 'নব'-এর নকশা করা জামদানিতে।

ছবিতে দেখতে দেখতে জেনে নেওয়া যাক বিস্তারিত।

আপডেট: ০৩ জুন ২০২৪, ১৩: ৩০

৬ মাসে তৈরি হয়েছে বাঁধনের জামদানি | প্রথম আলো

১ / ৭



বাঁধনের পাইন গ্রিনরঙা জামদানিটির নকশা করেছেন 'নব'-এর উদ্যোক্তা সীলমাত চিশতী। সমসাময়িক আধুনিক নিরীক্ষামূলক নকশাই ফুটে উঠেছে বুননে। আর সেটি বুনেছেন জামদানি তাঁতি মো. আলি আকবর। পরিকল্পনা, নকশা, বুনন-সব মিলিয়ে ছয় মাসে তৈরি হয়েছে শাড়িটি। ছবি: ইনস্টাগ্রাম থেকে

<https://www.prothomalo.com/lifestyle/fashion/bf9y6x0ten>

৬ মাসে তৈরি হয়েছে বাঁধনের জামদানি | প্রথম আলো

২/৭



জামদানি শাড়িতে খুব বেশি নিরীক্ষা করার সুযোগ থাকে না। আঁচল আর পাড়ে লাল, নীলসহ নানা রং নিয়ে খেলা হয়েছে। ছবি: সাবিনা ইয়াসমিন

<https://www.prothomalo.com/lifestyle/fashion/bf9y6x0ten>



ডিজাইনার সীলমাত বলেন, ‘বাঁধন যখন আমাদের সঙ্গে তাঁর লুক নিয়ে যোগাযোগ করে, তখন আমরা চেয়েছি ফরমাল আবার লালগালিচার জন্যও মানানসই-এ রকম একটি লুক তৈরি করতে। চেয়েছি, এই গরমে জমকালো আয়োজনে বাঁধনের যেন ফুরফুরে একটা অনুভূতি হয়। শাড়ি, জুয়েলারি, চুলের স্টাইল-সবকিছু মিলিয়ে আমরা একটা ছিমছাম, মিনিমালিস্টিক লুক চেয়েছি। তবে আমি চেয়েছি, বাঁধন চুলটায় যেন একটা ‘মেসি বান’ করে। ছবি: ইনস্টাগ্রাম থেকে

৬ মাসে তৈরি হয়েছে বাঁধনের জামদানি | প্রথম আলো

৪ / ৭



বাঁধনের স্টাইলিং করেছেন সীলমাত চিশতী ও শানিলা মেহজাবিন। সীলমাত বলেন, 'বাঁধন আমাদের খুবই প্রিয় তারকা। তার স্টাইলিং করতে পারা আমাদের জন্য আনন্দের।  
ছবি: কবির হোসেন

<https://www.prothomalo.com/lifestyle/fashion/bf9y6x0ten>

৬ মাসে তৈরি হয়েছে বাঁধনের জামদানি | প্রথম আলো

৫ / ৭



বাঁধনের চোকারটি নেওয়া হয়েছে দেশি জুয়েলারি ব্র্যান্ড আমিশে থেকে। মেকআপ করেছেন নাভিন আহমেদ। ছবি: ইনস্টাগ্রাম থেকে

<https://www.prothomalo.com/lifestyle/fashion/bf9y6x0ten>

৬ মাসে তৈরি হয়েছে বাঁধনের জামদানি | প্রথম আলো

৬ / ৭



বাঁধন এলোমেলোভাবে চুল বেঁধে খোঁপায় জড়িয়েছিলেন বেলি ফুল। বললেন, ‘বেলি আমার খুব পছন্দ। আমি প্রায়ই সুগন্ধি আর মাথার গয়নার বদলে বেলি ফুল পরি।

ছবি: ইনস্টাগ্রাম থেকে

<https://www.prothomalo.com/lifestyle/fashion/bf9y6x0ten>

৬ মাসে তৈরি হয়েছে বাঁধনের জামদানি | প্রথম আলো

৭ / ৭



নিজের স্টাইল দিয়ে নজর কাড়ার পাশাপাশি 'গুটি' ওয়েব সিরিজে অভিনয় করে সেরা অভিনেত্রীর সমালোচনা পুরস্কারও জেতেন তিনি। ছবি: কবির হোসেন

<https://www.prothomalo.com/lifestyle/fashion/bf9y6x0ten>